1000Rs.

INDIA NON JUDICIAL

१000रु. Rs 1000

सत्यमेव जयते

भारत

एक हजार रुपये ONE THOUSAND RUPEES

u/s 6 (1) of W. B. L. R. Act. 1997
duly stamped under the Indian stamp
Act. 1899 Subsequently ammended
schedule I A. No. 2374
Fees Paid 1.52

Registrar U/s 7 (2)
North 24 Parganas, Barasat.

মং ১৯,৫০০ , উনিশ হাজার পাঁচশত টাকা পণে
স্থাবর সম্পত্তি বিক্রয়ের সাফ কোবালা
******************************

ক্রেতা :- শ্রী অসিত বরণ কুন্ডু , পিতা শ্রী মনোরঞ্জন কুন্ডু , জাতি হিন্দু , পেশা - চাকুরী , সাং - নিমতা রবীন্দ্র পল্লী , থানা - নিমতা , কলিকাতা — ৪৯ ।

বিক্রেতা :- শ্রী কালীসাধন দাস , পিতা মৃত ফটীক চন্দ্র দাস , জাতি হিন্দু , পেশা - ব্যবসা , সাং - কালিপার্ক , থানা - দমদম এয়ারপোর্ট , জেলা উত্তর ২৪ পরগণা ।

ক্রমশ .....

22 JUL 1992

SERIAL NO 415 Rs. 1000/-
DATE ........
SOLD TO Bhola Nath Das
ADDRESS Naman Nagar Amitara
Cal - 83

Licensed Stamp Vendor
ANUP ROY
Sealdah Civil Court
(Anup Roy)

ANUP ROY
STAMP VENDOR
Sealdah Civil Court, Cal-14

22 JUL 1992

1000/- × 2 = 2000/-

22 JUL 1992

OFFICE OF THE DISTRICT REGISTRAR, BARASAT, NORTH 24 PARGANAS

SERIAL NO 415 Rs. 1000/-
DATE ........
SOLD TO Ashit Baran Kar
ADDRESS Akrinata Cal-49

Licensed Stamp Vendor
ANUP ROY
Sealdah Civil Court
(Anup Roy)

Presented for Registration at ........ A.M., P.M. on the 23rd day of July 1992 at the Sadar Registration office, Barasat by Kali Sadhan Das one of the executants/Claimants

1000/- × 2 = 2000/-

Kali Sadhan Das
S/o Lt. Patit Ch. Das
of Kali Pada
P.S. Dum Dum Airport
Dist. 24 Parganas
by Caste ........
by Profession ........

Registrar u/s 7 (2)
North 24 Parganas, Barasat
23/7/92

6309

Swapan Saha
S/o Hari Sadhan Saha
of Bagnia
P.S. Rajarhat
Dist. 24 Pgs
by Caste ........
by Profession ........

Registrar u/s 7 (2)
North 24 Parganas, Barasat
23/7/92

1000Rs.




( ২ )

কস্য সম্পূর্ণ নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্থায় স্থাবর সম্পত্তি বিক্রয়ের সাফ বিক্রয় কোবালা পত্রমিদং কার্য্যঞ্চাগে :-

জেলা উত্তর ২৪ পরগণা , থানা - রাজারহাট , সাবরেজিষ্ট্রী অফিস এ.ডি.এস. আর বিধাননগর সল্ট লেক সিটি এলাকাধীন কলিকাতা পরগণাস্থিত মৌজা গোপালপুর গ্রামে - ২১১৮ নং তৌজির বর্তমান মালিক পশ্চিমবঙ্গ রাজ্য সরকার পক্ষে জেলা উত্তর ২৪ পরগণা - কালেকটার বাহাদুরের অধিকারে সাবেক ১১২ ,১১৩ নং খতিয়ানে ২.৭০ শতক জমির কাত বার্ষিক ১ টাকা ১৫ আনা করের জমিজমা মৌরশী মোকরারী পাট্টা সূত্রীয় সাবেক ১১২ নং খতিয়ান ভুক্ত সাবেক ৩২০১ বত্রিশশত এক নং দাগে বাগান ১.১৯ শতক জমি ও সাবেক ১১৩ নং খতিয়ানে সাবেক ৩২০২ নং দাগে বাগান ১.৫১ শতক জমি একুনে ২.৭০ শতক জমির মধ্যে ২.৩৭ শতক জমি আমি অত্র দলিল দাতা ও আমার অপর ভ্রাতা শ্রী সুবোধ কুমার দাস ,

শ্রী ....

22 JUL 1992

SERIAL NO 416 RS. 10000

DATE

SOLD TO Bhola Nath Das

ADDRESS Nandan Nagar Amtala

Licence Stamp Vendor

ARUP ROY

Sealdah Civil Court

(Arup Roy)

ARUP ROY
STAMP VENDOR
Sealdah Civil Court, Cal-14

(Arup Roy)

22 JUL 1992

22 JUL 1992

SERIAL NO 416 RS. 10000

DATE

SOLD TO Ashit Baran Kandu

ADDRESS Nimtala - 49

ARUP ROY
STAMP VENDOR
Sealdah Civil Court, Cal-14

Licence Stamp Vendor

ARUP ROY

Sealdah Civil Court

(Arup Roy)

22 JUL 1992

OFFICE OF THE DISTRICT REGISTRAR, BARASAT, NORTH 24 PARGANAS.

Registrar u/s 7 (2)
North 24 Parganas, Barasat.

23/7/92

শ্রী সুশীল কুমার দাস , শ্রী সুনীল কুমার দাস , শ্রী সুকুমার দাস সকলের পৈতৃক ওয়ারেশ সূত্রে প্রাপ্ত হইয়া ও বন্টন নামা দলিলে সপ্তম পক্ষ শ্রীমতী ভবানী দাস , অষ্টম পক্ষ শ্রীমতী শিবানী দাস সকলে ওয়ারেশ উত্তরাধিকারী সূত্রে প্রাপ্ত হইয়া এজমালিতে ভোগ দখল করিতে থাকাকালীন বিগত ইংরাজী ১৯৭৮ সালে বারাসাত এ.ডি.আর অফিসে ১ নং বহির ৪৯ নং ভল্যুমে ১৪৩ – ১৫২ নং পাতায় নকলকৃত ২৫৯৯ নং একক্রো রেজিষ্ট্রীকৃত আপোষ বন্টন নামা দলিল মূলে বিভাগ বন্টন করিয়া লই । বিভাগ বন্টন কালিন বন্টন নামা দলিলের (খ) তপশীল বর্ণিত সাবেক ৯১২ হাল ৩৮৯ নং খতিয়ানের সাবেক ৩২০১ হাল ২১৮০ নং দাগের ১ - ২ - 0 - 0 এক বিঘা দুই কাঠা জমি ও সাবেক ৯২০ হাল ৩৮৯ নং খতিয়ানের সাবেক ৩২০২ হাল ২১৮৬ নং দাগের ১ - ১0 - ১৪ এক কাঠা দশ ছটাক চৌদ্দ বর্গফুট একুনে ১ - ৩ - ১0 - ১৪ এক বিঘা তিন কাঠা দশ ছটাক চৌদ্দ বর্গফুট বাগান জমি আমি অত্র দলিলের বিক্রেতা আমার অংশে নির্দ্দিষ্ট রূপে চিহ্নিত হয় । সেমতে আমি উহা খাসে একক নির্ব্যূঢ় সত্ত্বে ভোগ দখল করিয়া আসিতেছি । যাহা আমার দান , বিক্রয় করিবার উত্তম নির্ব্যূঢ় সত্ত্বাধিকার বর্ত্তমান আছে ।

এক্ষণে আমার নানা প্রকার বৈধ কারণে নগদ টাকার বিশেষ প্রয়োজন বশতঃ আমার উক্তরূপে প্রাপ্ত নিম্ন তপশীল বর্ণিত অত্রসহ নকসায় চিহ্নিত ও প্রদর্শিত ' এ ' প্লট ভুক্ত কমবেশ ২ - ৩ - 0 দুই কাঠা তিন ছটাক জমি যায় যাবতীয় ইজমেন্ট সত্ত্বাদি সহ সম্পত্তি বিক্রয় করিবার যোগ্য ঘোষণা করিলে আপনি অত্র কোবালা ক্রেতা তাহা খরিদ করিতে সম্মত হওয়ায় আমি অদ্যকার তারিখে আপনার নিকট হইতে বর্ত্তমান সর্ব্বোচ্চ বাজার দর মূল্য - মোতাবেক মং ১৯,৫00 , উনিশ হাজার পাঁচশত টাকা এককালীন নিম্ন জায়মত গ্রহণ করিয়া সম্পূর্ণ নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্থায় আমার খাস দখলে থাকাকালীন আপনাকে বিক্রয় করিয়া উক্ত বিক্রীত সম্পত্তি হইতে এককালীন চির নিঃসত্ত্ব ও দখলচ্যুত হইয়া বিক্রীত সম্পত্তিতে খোলসা খাস দখল দিলাম ।

OFFICE OF THE DISTRICT REGISTRAR, BARASAT, NORTH 24 PARGANAS

Registrar u/s 7 (2)
North 24 Parganas, Barasat.

আপনি অদ্যকার তারিখ হইতে আমার যাবতীয় সত্ত্বে স্বত্বাধিকারী হইয়া মালিকান সরকারে আমার নামের পরিবর্তে আপনার নিজ নাম পত্তন পূর্বক দান , বিক্রয় , বন্ধক ও সর্ব প্রকার হস্তান্তরের ক্ষমতাযুক্তে যদৃচ্ছা ব্যবহারে পুত্র পৌত্রাদি ওয়ারিশান স্থলাভিষিক্ত গণক্রমে পরম সুখে ভোগ দখল করিতে থাকুন । কস্মিনকালেও বিক্রীত সম্পত্তির উপর কেহ কোন প্রকার দাবী দাওয়া ওজর আপত্তি করি কি করে তাহা আইনতঃ অগ্রাহ্য হইবেক ।

বিক্রীত সম্পত্তিতে আমার যে সমস্ত স্বত্ব , স্বামিত্ব , লভ্য, হক হকিয়ৎ ও যাবতীয় ইজমেন্ট অধিকার ছিল বা আছে তৎসমুদয় অদ্য হইতে রদ রহিত ও লোপ পাইয়া অত্র কোবালা বলে আপনাতে বর্তিল ।

বিক্রীত সম্পত্তি আমি ইতি পূর্বে কোথাও কাহারও নিকট কোন প্রকার দায়বদ্ধ করি নাই বা উহা কাহারও নিকট বিক্রয় করিবার জন্য বায়নার চুক্তিতে আবদ্ধ হই নাই বা উহাতে কোন ল্যান্ড এ্যাকুইজিশান বা রিকুইজিশানের নোটিশাদি প্রাপ্ত হই নাই বা উহা কোন প্রকার অন্তর্ভুক্ত সম্পত্তি নহে বা উহাতে কোন লিয়েন বা লিসপেনডেন্সের দোষ নাই বা উহা কোন দেব সেবায় বা ট্রাষ্ট ফান্ডে অর্পিত হয় নাই বা উহাতে কোন চার্জ নাই , উহা সম্পূর্ণ নির্দায় ও নির্দোষ অবস্থায় আমার খাস দখলে থাকাকালীন আপনার নিকট সাফ বিক্রয় করিলাম ।

যদি ভবিষ্যতে কোন দায় সংযোগাদি কিম্বা উপরোক্ত উক্তি সমূহের কোনটী মিথ্যা বা তঞ্চকতা প্রকাশ পাইয়া আমার স্বত্ব দখলের ত্রুটির কারণ আপনার খরিদা স্বত্ব - দখলের কিছু মাত্র বিঘ্ন ঘটে বা ক্ষতি হয় বা বিক্রীত সম্পত্তি বা তাহার কোন অংশ হইতে বেদখল হন তাহা হইলে আইনানুসারে দায়ী ও দন্ডনীয় হইব এবং যাবতীয় ক্ষতি পূরণ সহ লিখিত পণের সম্পূর্ণ টাকা ফেরৎ দিতে বাধ্য ও স্বীকৃত রহিলাম ।

বিক্রীত ....

OFFICE OF THE DISTRICT REGISTRAR, BARASAT, NORTH 24 PARGANAS.

Registrar u/s 7 (2)
North 24 Parganas, Barasat,

23/1

( ৫ )

বিক্রীত সম্পত্তি সংক্রান্ত কোন মামলা মোকর্দ্দমা যদি কোর্টে উপস্থিত হয় বা আমার সাক্ষ্য জবানবন্দী দিবার আবশ্যক হইলে তাহাও আমি আপনার খরচায় যথাযথ সময়ে কোর্টে উপস্থিত হইয়া বেওজরে দিতে বাধ্য ও স্বীকৃত রহিলাম।

বিক্রীত সম্পত্তি সংক্রান্ত দলিলে কোন ভ্রম থাকা প্রকাশ পাইলে তাহাও সংশোধনার্থে যে কোন দলিল আপনার খরচায় করিয়া দিতে স্বীকৃত রহিলাম।

এতদ্দ্বারা আমি স্বীকার, অঙ্গীকার, প্রকাশ ও প্রচার করিতেছি বিক্রীত জমি আমি বাগান জমি হিসাবে ভোগদখল করিয়া আসিতেছি এবং উহাতে ফলফলাদি উৎপন্ন হয়।

এতদর্থে সুস্থ শরীরে সরল মনে অন্যের বিনানুরোধে সজ্ঞানে অত্র দলিলের মর্ম্ম সমূহ সম্যক অবগত হইয়া লিখিত পণের সম্পূর্ণ টাকা নিম্নের জায় মত বুঝিয়া পাইয়া স্বেচ্ছায় সহি সম্পাদন করিলাম। ইতি তাং বাংলা ১৩৯৯ সালের ৭ই শ্রাবণ
ইংরাজী ১৯৯২ সালের - ২৬শে জুলাই

তপশীল বিক্রীত সম্পত্তির পরিচয় :-
****************************

জেলা উত্তর ২৪ পরগণা, থানা - রাজারহাট, সাবরেজিষ্ট্রী অফিস এ.ডি.এস.আর.ও বিধাননগর সল্টলেক সিটি এলাকাধীন কলিকাতা পরগণাস্থিত মৌজা গোপালপুর গ্রামে ১১১৮ নং তৌজি ভুক্ত জে.এল. নং ২, রে.সা. নং ১৪০ সাবেক ১১২ নং খতিয়ানের হাল ৩৮৯ নং খতিয়ান ভুক্ত মৌরশী মোকররী পাট্টাই সূত্রীয় হাল ৪ নং বিধিমতে রায়ত দখলী স্বত্ব বিশিষ্ট —

সাবেক ৩২০১ হাল ২১৮০ একুশ শত আশী নং দাগস্থিত বাগান আমার উক্তরূপে প্রাপ্ত জমির মধ্যে অত্রসহ নকসায় লাল রঙের রেখার দ্বারা চিহ্নিত 'এ' নং প্লট ভুক্ত কমবেশ ২ - ৩ - ০ দুই কাঠা তিন ছটাক জমির কাত বার্ষিক

হারাহারি .....

OFFICE OF THE DISTRICT REGISTRAR, BARASAT, NORTH 24 PARGANAS.

Registrar u/s 7 (2)
North 24 Parganas, Barasat,

হারাহারি মতে ৮২ পয়সা করের জমিজমা যায় নকসায় দর্শিত যাবতীয় রাস্তার বত্ত্বাস্বত্ব ও সর্ব্ব প্রকার ইজমেন্ট স্বত্বাদি সহ অত্র দলিলের বিক্রীত সম্পত্তি হইতেছে । উহাতে চাষাবাদ হয় ।

যাহার চৌহদ্দী :-
***************

উত্তরে :- কমন প্যাসেজ ।
দক্ষিণে :- ১০' ফুট প্রশস্থ রাস্তা ।
পূর্ব্বে :- অত্র দাগের জমি ।
পশ্চিমে :- প্লট নং 'বি' ।

অত্রসহ নকসা দলিলের একাংশ বলিয়া গণ্য ও কার্য্যকরী হইবে ।

টাকার জায় :-
**************

১০০ একশত টাকার নোট হিসাবে ১৯৫ কেতায় ... ১৯,৫০০, টাকা ।
মং উনিশ হাজার পাঁচশত টাকা মাত্র ।

ইস্রাদী :-
*********

দলিল প্রস্তুত কারক :-
***************

টাইপকারক :-
*********
পিন্টু মিত্র ,
কাশীপুর দমদম ,
সাবরেজিষ্ট্রী অফিস ।


OFFICE OF THE DISTRICT REGISTRAR, BARASAT, NORTH 24 PARGANAS

Registrar u/s 7 (2)
North 24 Parganas, Barasat
23/12/92

OFFICE OF THE DISTRICT REGISTRAR, BARASAT, NORTH 24 PARGANAS

Book No. I
Volume No. 75
Page 129 to 137
Being No. 3179
for the year 1992

Registrar u/s 7 (2)
North 24 Parganas, Barasat
20.8.92


LAND PLAN OF PART OF C.S. DAG NO.-3
3202(P), R.S. DAG NO- 2180(P) & 2181(P), A
MOUZA- GOPAL PUR, J.L. NO-2, R.S. NO-140, P
DUMAIR PORT. DIST-NORTH 24 PARGANAS
SCALE:- 20'-0"=1 (INCH)
Vendee:- Ashit Baran Kundu
10-4 WIDE COMMON PASSAGE
K-CH-SFT 2-3-0 P-B
K-CH-SFT 2-3-0 P-A
K-CH-SFT 0-11-3
C.S. DAG NO-3201(P)
10'-0" WIDE ROAD
12'-0" WIDE ROAD
K-CH-SFT 2-0-0 P-C
K-CH-SFT 1-12-20 P-H
K-CH-SFT 2-0-0 P-D
K-CH-SFT 1-13-0 P-G
K-CH-SFT 2-0-0 P-E
K-CH-SFT 1-15-0 P-F
10'-0" WIDE ROAD
C.S. DAG 3202
C.S. DAG NO 3201(P)
R.S. DAG NO.- 2181(P)
C.S. DAG NO 3202
MAIN ROAD

OFFICE OF THE DISTRICT REGISTRAR, ★ BARASAT, NORTH 24 PARGANAS ★

Registrar U/s 7 (2)
North 24 Parganas, Barasat

Book No. ....................
Volume No. ....................
Page ....................
Being No. ....................
For the year 19....................